

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর  
সিস্টেম ও প্রশিক্ষণ শাখা-১  
www.doict.gov.bd

স্মারক নম্বর: ৫৬.০৪.০০০০.০০০.০১৪.১৪.০০০১.২৬.৩

তারিখ: ১৮ আষাঢ় ১৪৩৩  
০২ জুলাই ২০২৬

**বিষয়: তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের জেলা ও উপজেলা কার্যালয়ে ফ্রিল্যান্সার নিবন্ধন ও আইডি কার্ড প্রদান কার্যক্রম সম্পর্কে প্রচার প্রচারণা প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী দেশের ডিজিটাল অর্থনীতিকে শক্তিশালীকরণ এবং ফ্রিল্যান্সারদের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে আগামী পাঁচ বছরে দুই লক্ষ ফ্রিল্যান্সারকে আইডি কার্ড প্রদানের পরিকল্পনা গ্রহণ করেছেন। এই পরিকল্পনার অংশ হিসেবে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের অধীনে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক প্রস্তুতকৃত ফ্রিল্যান্সার অনলাইন রেজিস্ট্রেশন সিস্টেম ([freelancers.gov.bd](http://freelancers.gov.bd)) এর মাধ্যমে আবেদন আহ্বান করা হচ্ছে।

২। উক্ত আইডি কার্ডের মাধ্যমে ফ্রিল্যান্সারগণ নীতিগত সহায়তা, দক্ষতা উন্নয়ন, পেশাগত পরিচয়ের প্রমাণ, ব্যাংক হিসাব খোলা এবং বিভিন্ন আর্থিক ও প্রশাসনিক সেবা গ্রহণে সুবিধা পাবেন। পাশাপাশি বিদেশ থেকে প্রাপ্ত রেমিট্যান্সের উৎস ও পেশাগত পরিচয় সংক্রান্ত তথ্য উপস্থাপনের ক্ষেত্রেও আইডি কার্ডটি সহায়ক ভূমিকা পালন করবে। এর ফলে দেশের অর্থনৈতিক কর্মকাণ্ডে গতি সঞ্চারিত হবে। তবে এই উদ্যোগের সফল বাস্তবায়নের জন্য ফ্রিল্যান্সারদের ব্যাপক অংশগ্রহণ অপরিহার্য।

৩। এমতাবস্থায়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের জেলা ও উপজেলা কার্যালয়সমূহকে ফ্রিল্যান্সারদের ডাটাবেজ প্রস্তুত, ব্যক্তিগত যোগাযোগ স্থাপন এবং অনলাইনে নিবন্ধনে উদ্বুদ্ধ করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। একইসাথে জেলা ও উপজেলা কার্যালয়ের ওয়েব পোর্টালে ফ্রিল্যান্সার নিবন্ধন ও আইডি কার্ড প্রদান সংক্রান্ত ব্যানার প্রদর্শন, সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রচারণামূলক তথ্য আপলোড ও শেয়ার করা এবং কার্যালয়ের সামনে **Roll up** ব্যানার/Standee প্রদর্শন করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ ব্যানারের ছবি ০১(এক) পাতা।

**সংযুক্তিঃ**

(১) ব্যানার ডিজাইন

০২-০৭-২০২৬

মোহাম্মদ সাইফুল হাসান  
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)  
ফোন : +৮৮ ০২-৪১০২৪০৭২  
ফ্যাক্স : +৮৮ ০২-৫৫০০৬৮৮২  
ইমেইল : [dg@doict.gov.bd](mailto:dg@doict.gov.bd)

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- ১। প্রোগ্রামার/প্রোগ্রামার (দায়িত্বে), জেলা কার্যালয় (সকল)।
- ২। সহকারী প্রোগ্রামার, উপজেলা কার্যালয় (সকল)।

স্মারক নম্বর: ৫৬.০৪.০০০০.০০০.০১৪.১৪.০০০১.২৬.৩/১ (৬)

তারিখ: ১৮ আষাঢ় ১৪৩৩  
০২ জুলাই ২০২৬

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- ১। অতিরিক্ত মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), অতিরিক্ত মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
- ২। সিস্টেম ম্যানেজার, সিস্টেমস ম্যানেজার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
- ৩। পরিচালক, অর্থ ও প্রশাসন, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
- ৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৫। সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সচিবের দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬। ব্যক্তিগত সহকারী, মহাপরিচালকের কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।



*Subi.*

০২-০৭-২০২৬  
মোঃ তুহিনুল ইসলাম  
নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার